শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ

বাগেরহাট।

www.zpbagerhat.gov.bd

৩০ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ।

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.১১.০২.২১-৫৬ তারিখ: ১৩ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সকোর বিভাগের ( জেলা পরিষদ শাখা) ১৯/০১/২০২২ খ্রিঃ তারিখের ৪৬.৪২.০১১.০৪.০০.০০৪.২০১৪.১৯৩ নং স্মারকে সাংগঠনিক কাঠামোভূক্ত বার্তাবাহক এর শূন্যপদে ০১(এক) জন লোক নিয়োগের ছাড়পত্র অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জেলা পরিষদ চাকুরী বিধিমালা ১৯৯০ এর বিধি মোতাবেক ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড ( জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | বার্তাবাহক ( গ্রেড- ১৯)<br>বেতন স্কেল ( ৮,৫০০-২০,৫৭০) | ০১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**আবেদনের শর্তাবলী ঃ**

০১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম এ কার্যালয়ে এবং জেলা পরিষদ, বাগেরহাট এর ওয়েব সাইটে www.zpbagerhat.gov.bd –এ পাওয়া পাওয়া যাবে।

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদন ফরমে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৩। প্রার্থীকে চাকরীর নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে। স্ব-হস্ত ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৪। সরকার কর্তৃক চাকরীর নির্ধারিত আবেদন ফরমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাটকে সম্বোধন করে আগামী ১৪/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে জেলা পরিষদ, বাগেরহাট এর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, নিজ জেলার নাম, নিজের নাম ঠিকানা উল্লেখ করতে হবে।

০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৬। প্রার্থীর বয়সসীমা ১৪/০৩/২০২২ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক). প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম,পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে ;

(খ). সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল ( যদি থাকে) অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্ত কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত ;

(গ). প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র ;

(ঘ). স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃকপ্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি ;

(ঙ). প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হতে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্মবর্ণিত ছকে উল্লিখিত ত্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমেরসাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তি বার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ |

(চ). প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর নামে পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকার ব্যাংক ড্রাফ্‌ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ছ). পদের নাম,জেলার নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার ডাক টিকিট লাগানো ০১(এক)টি ১০ ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(চলমান পাতা নং-০২)

০৮। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

০৯। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে ।

১০। সরকারী নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তার/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে । এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে । অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে ।

১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তাঁর বিরুদ্ধে কঠোর আইনানুগব্যবস্থা গ্রহণ করা হবে ।

১২। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব নসদ,জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ,শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে ) প্রমাণস্বরুপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে ।

১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে । আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৫। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না ।

(ঝুমুর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা, (ভাঃপ্রাঃ)
জেলা পরিষদ,বাগেরহাট ।
ফোন নং- ০৪৬৮-৬২১১১

তারিখঃ ১৩ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ ।

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.১১.০২.২১-৫৬(১৫০)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ

১। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলায়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,খুলনা বিভাগ,খুলনা।
৩। চেয়ারম্যান, জেলা পরিষদ,বাগেরহাট
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ,........................................................( সকল)।
৫। জেলা প্রশাসক,বাগেরহাট।
৬। পরিচালক, স্থানীয় সরকার,খুলনা বিভাগ,খুলনা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ............................................. ( সকল)।
৮। উপপরিচালক,স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
৯। পুলিশ সুপার, বাগেরহাট।
১০। সিভিল সার্জন, বাগেরহাট।
১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/ বিদ্যুৎ উন্নয়ন বোড, বাগেরহাট।

**অনুলিপি অবগতি এবং প্রচারার্থে প্রেরিত হলোঃ**

১২। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বাগেরহাট সদর/কচুয়া/মোরেলগঞ্জ/শরণখোলা/রামাপাল/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী/মোংলা, বাগেরহাট।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/ কচুয়া/ মোরেলগঞ্জ /শরণখোলা /রামাপাল/ ফকিরহাট/ মোল্লাহাট/ চিতলমারী/মোংলা, বাগেরহাট।
১৪। জেলা হিসাব রক্ষন অফিসার,বাগেরহাট।
১৫। সহকারী কমিশনার(ভূমি),..............................., বাগেরহাট (সকল)।
১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ,বাগেরহাট।
১৭। অফিসার ইনচার্জ, ........................................................................বাগেরহাট (সকল)।
১৮। সম্পাদক, The Daily Observer ঢাকা / সম্পাদক, দৈনিক সকালের সময়, ঢাকা । বিজ্ঞপ্তিটি ৬"X৩" কলামে সরকারী ছুটির দিন ব্যতিরেকে ০১(এক) দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা গেল ।
১৯। হিসাব রক্ষক, জেলা পরিষদ,বাগেরহাট।
২০। অফিস কপি/নোটিশ বোর্ড ।

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃপ্রাঃ)
জেলা পরিষদ,বাগেরহাট।

বরাবর
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বাগেরহাট।

# চাকুরির আবেদন ফরম

৫X৫ সে.মি কপি ছবি তিন কপি (সম্প্রতি তোলা)।

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায় : | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস দিন |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |

| | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান নম্বর: | | তারিখঃ | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর